ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স- ১৬৯৯
আগরতলা, ১১ জুলাই, ২০২৫

**বিকশিত ভারত গঠনে ত্রিপুরার নবীণ প্রজন্ম**
**গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে ঃ রাজ্যপাল**

ত্রিপুরা প্রতিভা, সহনশীলতা এবং সমৃদ্ধ ঐতিহ্যে পরিপূর্ণ একটি রাজ্য। বিকশিত ভারত গঠনে ত্রিপুরার নবীণ প্রজন্ম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। আজ সন্ধ্যায় লেম্বুছড়াস্থিত হলিক্রস কলেজের বার্ষিক সাংস্কৃতিক উৎসব তেজস ১২.০ এর উদ্বোধন করে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু একথা বলেন। রাজ্যপাল ছাত্রছাত্রীদের পড়াশোনার সঙ্গে সঙ্গে বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক কর্মকান্ডে অংশ নিতে উৎসাহিত করেন। তিনি বলেন, এধরণের কর্মসূচিতে ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করলে তাদের প্রতিভার বিকাশ ঘটবে এবং আত্মবিশ্বাসও বাড়বে। তিনি হলিক্রস কলেজের অধ্যক্ষ ও শিক্ষকদের এমন একটি সুন্দর অনুষ্ঠান আয়োজনের জন্য অভিনন্দন জানান। কলেজে আয়োজিত বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ী ছাত্রছাত্রীদের হাতে রাজ্যপাল পুরস্কার তুলে দেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন হলিক্রস কলেজের প্রিন্সিপাল ড. ফাদার বেনি কে জন। সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন প্রোগ্রাম কো-অর্ডিনেটর ড. সুদীপ্তা সিনহা। অনুষ্ঠানে ছাত্রছাত্রীরা মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

******